



২৬ সেপ্টেম্বর, ২০১৬

### প্রেসবিজ্ঞপ্তি

#### ট্যাম্পাকো প্যাকেজিং কারখানা অগ্নিকান্ডের ঘটনায় মহামান্য হাইকোর্টের রুল জারি

আজ ২৬ সেপ্টেম্বর, ট্যাম্পাকো প্যাকেজিং কারখানা অগ্নিকান্ড এবং ভবন ধ্বংসের ঘটনায় নিহত ও আহত শ্রমিকের জন্য পর্যাপ্ত ক্ষতিপূরণ ও দায়ী ব্যক্তিদের বিচার দাবী করে ব্লাস্ট, আইন ও সালিস কেন্দ্র এবং বাংলাদেশ পরিবেশ আইনজীবী সমিতি (বেলা) কর্তৃক দায়েরকৃত রিট মামলায় হাইকোর্টের একটি ডিভিশন বেঞ্চ শুনানী শেষে রুল নিশি জারি করেন এবং অন্তর্বর্তীকালীন আদেশ প্রদান করেন। ট্যাম্পাকো প্যাকেজিং কারখানা অগ্নিকান্ডের ঘটনা কেন কর্তৃপক্ষের অবহেলা হিসেবে বিবেচিত হবে না এবং এই দুর্ঘটনা রোধে কর্তৃপক্ষের ব্যর্থতা কেন আইনগতকর্তৃত্ব বর্হিভূত ও অসাংবিধানিক বলে ঘোষণা করা হবে না এই মর্মে আদালত রুল নিশি জারি করেন। পাশাপাশি আদালত দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে কেন আইনগত ব্যবস্থা নেয়া হবে না এবং ভবিষ্যতে এ ধরনের মর্মান্তিক ঘটনা যেন না ঘটে সেজন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে এবং নিহত শ্রমিকের পরিবার ও আহত শ্রমিকের জন্য পর্যাপ্ত ক্ষতিপূরণ প্রদানের জন্য কেন নির্দেশনা দেয়া হবে না সে মর্মে আদালত কারণ দর্শাতে বলেন। আদালত ক্ষতিগ্রস্তদের ক্ষতিপূরণ প্রদানের জন্য ট্যাম্পাকো ফয়েলস এর ব্যাংক হিসাব, এর ব্যবস্থাপনা পরিচালক এবং চেয়ারম্যানের ব্যাংক হিসাব তিন মাস বন্ধ রাখার জন্য বাংলাদেশ ব্যাংককে অন্তর্বর্তীকালীন নির্দেশনা দিয়েছেন। তবে শ্রমিকদের বেতনভাতা, ক্ষতিপূরণ প্রদান এবং কারখানা পুনর্নির্মাণের কাজে টাকা উত্তোলন করা যাবে বলে উল্লেখ করেছেন। এছাড়া আদালত ক্ষতিপূরণ প্রদান সহ এ ঘটনায় আর কি ধরনের পদক্ষেপ নেয়া হচ্ছে সে সম্পর্কে আদালতে দুই মাস অন্তর অন্তর প্রতিবেদন দাখিলের জন্য বিবাদীপক্ষকে অন্তর্বর্তীকালীন আদেশ দিয়েছেন।

উল্লেখ্য, বিভিন্ন সংবাদ মাধ্যম সূত্রে জানা যায় যে, ১০ সেপ্টেম্বর, ২০১৬ শনিবার সকালে টঙ্গীতে অবস্থিত ট্যাম্পাকো ফয়েলস নামে পাঁচ তলা বিশিষ্ট কারখানায় সকাল ৬টার দিকে কারখানার পুরো ভবনে আগুন ছড়িয়ে পড়ে। এ পর্যন্ত পাওয়া তথ্য মতে, এ ঘটনায় মৃত্যু হয়েছে ৩৯ জনের, অনেকে আহত হয়েছেন এবং বহু নিখোঁজ রয়েছেন।

শুনানি পরিচালনা করেন আইনজীবী ডঃ শরীফ ভূঁইয়া। শুনানিতে আরো উপস্থিত ছিলেন এ্যাডভোকেট জেড আই খান পান্না, ব্যারিস্টার সারা হোসেন, ব্যারিস্টার তানিম হোসেন শাওন ও এ্যাডভোকেট শারমিন আক্তার।

বার্তা প্রেরক:

মাহবুবা আক্তার, উপ-পরিচালক (এডভোকেসী এন্ড কমিউনিকেশন), ব্লাস্ট,

মোবাইল নং: ০১৭৭৬০৬০১১৩

ই-মেইল: [mahbuba@blast.org.bd](mailto:mahbuba@blast.org.bd)

প্রয়োজনে যোগাযোগ করুন:

শারমিন আক্তার [ফোন: ০১৯৫৫২৮৪০৯৪ ইমেইল: [sharmin1@blast.org.bd](mailto:sharmin1@blast.org.bd)]